গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
ময়মনসিংহ।
www.dpe.mymensingh.gov.bd

স্মারক নং-৩৮.০১.৬১০০.০০০.১১.০৩৫.২৪- ২৪৮৬

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩১
১২ ডিসেম্বর ২০২৪

## নিয়োগপত্র

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন রাজস্বখাতভুক্ত সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা, ২০২৩ এর ২য় গ্রুপের (রাজশাহী, খুলনা ও ময়মনসিংহ বিভাগ) ফলাফলের ভিত্তিতে কেন্দ্রীয় প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ কমিটি কর্তৃক সুপারিশকৃত অপেক্ষমান তালিকা থেকে প্রাথমিকভাবে নির্বাচিত নিম্নোক্ত প্রার্থীকে জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী বেতনস্কেল: টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) বেতনক্রমে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভূক্ত সহকারী শিক্ষকের শূন্যপদে ২ নং অনুচ্ছেদের অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

উপজেলা: হালুয়াঘাট

| ক্রমিক নম্বর | রোল নম্বর | উপজেলা ভিত্তিক মেধাক্রম | নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১. | ১৮১৭৫৮০ | ৩৩ | জনাব মমতাজ বেগম<br>পিতা: মোঃ মোস্তফা কামাল<br>মাতা: রেজিয়া বেগম | গ্রাম: ঝলঝলিয়া,<br>ডাকঘর: বাঘাইতলা,<br>উপজেলা: হালুয়াঘাট,<br>জেলা: ময়মনসিংহ। | গ্রাম: ঝলঝলিয়া,<br>ডাকঘর: বাঘাইতলা,<br>উপজেলা: হালুয়াঘাট,<br>জেলা: ময়মনসিংহ। |

২। (ক) যোগদানের তারিখ থেকে ২(দুই) বৎসর পর্যন্ত চাকুরিকাল শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে;

(খ) নিয়োগপ্রাপ্ত শিক্ষকের সন্তোষজনক পুলিশ প্রতিবেদন (Varification Report) পাওয়া না গেলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগাদেশ সরাসরি বাতিল বলে গণ্য হবে;

(গ) শিক্ষানবিশকালে কর্মদক্ষতা, আচরণ ও সন্তোষজনক চাকুরির রেকর্ড সাপেক্ষে বিধি মোতাবেক চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে এবং শিক্ষানবিশকালে যে কোন ধরণের অসদাচরণের জন্য কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) সহকারী শিক্ষক নিয়োগ উপজেলা/থানা কোটার ভিত্তিতে হয়েছে বিধায় উপজেলা/থানার বাহিরে বদলীর আবেদন করা যাবে না;

(ঙ) শিক্ষানবিশকালে কোন ধরণের বদলির আবেদন করা যাবে না;

(চ) শিশুকে শারীরিক ও মানসিক নির্যাতন করা যাবে না, করলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) নিয়োগপ্রাপ্ত শিক্ষক কর্তৃক যে কোন সময়ে সরবরাহকৃত যে কোন তথ্য ও সনদপত্র মিথ্যা/ভুয়া/ক্রটিপূর্ণ প্রমাণিত হলে এ নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং প্রচলিত আইনের বিধান অনুযায়ী তাঁর/তাঁদের বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে;

(জ) নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে যোগদানের পর অন্যূন ০৪ (চার) বৎসরের মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০১৯ এর বিধি ৬(৪) এবং ৬(৫) অনুযায়ী ''প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ (বিটিপিটি)'' প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। উক্ত প্রশিক্ষণ গ্রহণে ব্যর্থ হলে তার চাকরি স্থায়ী করা হবে না এবং চাকরি বিধি অনুসারে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে।

৩। নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে স্বশরীরে উপস্থিত হয়ে নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে হবে।

৪। অনুচ্ছেদ ১, ২ ও ৩ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখ মঙ্গলবার পূর্বাহ্নে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। নিয়োগকৃত শিক্ষকগণ 'বেতন-ভাতাদি প্রাতিষ্ঠানিক কোড নং ১২৪০২০৯০০০০০০ সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ'-এর বেতন ভাতাদি খাত হতে প্রাপ্য হবেন;

৬। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির স্মারক নং ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০৮.২৩-১০৫, তারিখ: ২০ মার্চ ২০২৩ অনুসারে এ নিয়োগ প্রদান করা হলো।

১২/১২/২৪

মোঃ মিজানুর রহমান খান
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
ময়মনসিংহ।
ফোন: ০২৯৯৬৬৬৭২২৭
ই-মেইল: dpeomymen@gmail.com

১২/১২/২০২৪

স্মারক নং-৩৮.০১.৬১০০.০০০.১১.০৩৫.২৪-২৪৮৬/১৫

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩১ / ১২ ডিসেম্বর ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ।
৬. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ময়মনসিংহ বিভাগ।
৭. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ৩য় ফেজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৮. সিভিল সার্জন ময়মনসিংহ।
৯. পুলিশ সুপার (বিশেষ) ময়মনসিংহ।
১০. জেলা হিসাবরক্ষণ অফিসার, ময়মনসিংহ।
১১. উপজেলা/থানা শিক্ষা অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
১২. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
১৩. জনাব..............................................................প্রযত্নে.............................................................
গ্রাম/মহল্লা....................................................ডাকঘর/পোস্ট.........................................কোড..............
উপজেলা: হালুয়াঘাট, জেলা: ময়মনসিংহ।
১৪. সংরক্ষণ নথি।

১২/১২/২৪

মোঃ মিজানুর রহমান খান
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
ময়মনসিংহ।
ফোন: ০২৯৯৬৬৬৭২২৭
ই-মেইল: dpeomymen@gmail.com

১২/১২/২০২৪